প্রথম আলো

# স্মৃতির ঢাকায় 'নব'র স্বপ্নযাত্রা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

২২ ফেব্রুয়ারি ২০২০, ১৮:১০
আপডেট: ২২ ফেব্রুয়ারি ২০২০, ১৮:১৩



শেকড়ের প্রতি বাঙালির টান সব সময়ই। বর্তমানে সেটা আরও বেশি করে চোখে পড়ছে। নানা উদ্যোগে প্রতিফলিত হচ্ছে দেশের প্রতি, দেশের ঐতিহ্যের প্রতি আনুগত্য। তেমনই একটা উদ্যোগ 'নব'। দুই বন্ধু মিতিয়া সালেহ ও সিলমাত চিশতি বাংলাদেশের উপেক্ষিত ঐতিহ্যকে দেশে এবং বিদেশে ছড়িয়ে দিতেই শুরু করেছেন এই স্বপ্নযাত্রা।

কেবল উদ্যোক্তারাই নারী নন, 'নব' পরিচালিত হচ্ছে নারীদের দিয়েই। 'নব'র লক্ষ্য বাংলাদেশের কারুশিল্পের উন্নয়ন ও শিল্পীদের টেকসই জীবনযাপন নিশ্চিত করা।

বিজ্ঞাপন




আজ শনিবার গুলশান অ্যাভিনিউয়ের আর্ট ক্যাফেতে ঘরোয়া অনুষ্ঠানের মধ্যে দিয়ে শুরু হলো 'নব'র দুই দিনের প্রদর্শনী, নাম 'আমাদের সেই ঢাকা'। আগামীকাল রোববার পর্যন্ত চলবে এই প্রদর্শনী।



বিশেষ করে ফুলেল নকশায় অনেকেই মিল পাবেন হারানো দিনের ঢাকার রাস্তায় ফুটে থাকা নানা ফুলের।

নতুন করে ফিরিয়ে আনা হয়েছে কাপড়ের জমিনে মনোগ্রাহী বর্ণবিন্যাসে। স্ক্রিন প্রিন্ট ও ডিজিটাল প্রিন্ট করা মিলের সুতি কাপড়ও স্থান পেয়েছে এই প্রদর্শনীতে। এ ছাড়া পরের প্রদর্শনী ‘তাঁতের বোনা ঢাকা’র কিছু পণ্যও রয়েছে এই প্রদর্শনীতে।

‘নব’র যাত্রা শুরু হয় সদ্যসমাপ্ত ঢাকা আর্ট সামিটে। এরপর এই প্রদর্শনীর মাধ্যমে নিজেদের আরও ছড়িয়ে দেওয়ার প্রয়াস পেলেন উদ্যোক্তারা। আজ আর্ট লাউঞ্জে প্রদর্শনীর উদ্বোধন করেন বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদের সাবেক প্রেসিডেন্ট রুবি গজনবী। উপস্থিত ছিলেন বেঙ্গল ফাউন্ডেশনের মহাপরিচালক লুভা নাহিদ চৌধুরী, টাঙ্গাইল শাড়ি কুটিরের স্বত্বাধিকারী মনিরা এমদাদসহ অনেকে।

---

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০২০
সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
প্রগতি ইনস্যুরেন্স ভবন, ২০-২১ কারওয়ান বাজার , ঢাকা ১২১৫

ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৫৫০১২২০০, ৫৫০১২২১১ ইমেইল : info@prothomalo.com